



তথ্যবিবরণী

নম্বর-২৩৯

রাজশাহীতে উদযাপিত হলো বিশ্ব স্বাস্থ্য দিবস

রাজশাহী; ২৪ চৈত্র (০৭ এপ্রিল):

আজ সোমবার (৭ এপ্রিল) বিশ্ব স্বাস্থ্য দিবস। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে প্রতিবছর এ দিনটিকে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উদযাপন করা হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'জন্ম হোক সুরক্ষিত, ভবিষ্যৎ হোক আলোকিত'।

দিবসটি উপলক্ষে সকালে রাজশাহী সিভিল সার্জন কার্যালয় হতে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালি শেষে সিভিল সার্জন কার্যালয়ের সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী স্বাস্থ্য বিভাগের পরিচালক ডা. মো. হাবিবুর রহমান।

দিবসটির এবারের প্রতিপাদ্যের তাৎপর্য তুলে ধরে প্রধান অতিথি বলেন, জন্ম সুরক্ষিত করতে হলে আগে বাল্য বিবাহ কমিয়ে আনতে হবে। যেসব জায়গায় শিক্ষিতের হার কম সেসব জায়গায় বাল্যবিবাহের হার বেশী। সেদিক থেকে রাজশাহী এগিয়ে। আমাদের দেশের আইন অনুযায়ী মেয়েরা ১৮ এবং ছেলেরা ২১ বছরের আগে বিয়ে করা মানাই বাল্য বিবাহ যা দণ্ডনীয় অপরাধ। স্বাস্থ্য সচেতনতার পাশাপাশি এটা নির্মূলের জন্য আমাদের সামাজিক ও পারিবারিক আন্দোলন গড়ে তুলতে হবে।

হাবিবুর রহমান বলেন, গর্ভাবস্থায় মায়ের সঠিক পুষ্টির বিষয়ে সচেতন হতে হবে। মা ও শিশুর টিকাদান কর্মসূচি আরও কার্যকর করতে হবে। টিকা সরবরাহ নিরবিচ্ছিন্নভাবে চালিয়ে যেতে হবে। আগে আমরা ৫-৬টি টিকা দিতাম সেটা দিন দিন বেড়ে এখন ১১-১২টা হয়েছে।

তিনি বলেন, সবাই সার্বিকভাবে কাজ করলে স্বাস্থ্য সূচকে আমরা এগিয়ে যাব এবং ২০৩০ সালে এসডিজির লক্ষ্য অর্জন করতে সক্ষম হবো।

ডেপুটি সিভিল সার্জন ডা. মোসা. মাহবুবা খাতুন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ব স্বাস্থ্য সংস্থার বিভাগীয় কো-অডিনেটর ডা. এ কে এম কামরুজ্জামান, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. তামান্না কবীর ও ডা. বায়েজীদ-উল ইসলাম, জুনিয়র কনসালটেন্ট ডা. মো. জান্নাতুল রায়হান, জেলা তথ্য অফিসের উপপরিচালক মোসা. নাফেয়ালা নাসরীন, সহকারী পুলিশ সুপার সরদার মো. মজনু, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. আশরাফুল ইসলামসহ এনজিও প্রতিনিধিবৃন্দ বক্তৃতা করেন।

.....

তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৪.৪০ঘ.